DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 23 Nov 2026, 11:11 PM

সারাদেশ

বগুড়ার সোনাতলায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন, বিএনপির আলোচনা সভা ও র‍্যালি

প্রতিবেদক: স্টাফ রিপোর্টার,বগুড়া
প্রকাশের তারিখ: সোমবার, ০৯ নভেম্বর ২০২৬, ০৮:০৩ AM



বগুড়ার সোনাতলায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভা

বগুড়ার সোনাতলায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালি করেছে উপজেলা ও পৌর বিএনপি। গতকাল রোববার (৮ নভেম্বর) বিকেলে উপজেলা শহীদ সৈকত চত্বরে এ কর্মসূচির আয়োজন করা হয়।

উপজেলা ও পৌর বিএনপির যৌথ উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন পৌর বিএনপির সভাপতি আবু নাসের ওয়াহেদ নবেল। এতে প্রধান অতিথি ছিলেন বগুড়া জেলা বিএনপির সহসভাপতি ও জেলা পরিষদের প্রশাসক একেএম আহসানুল তৈয়ব জাকির।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির জ্যেষ্ঠ সহসভাপতি ও বালুয়া ইউনিয়ন বিএনপির সভাপতি আহসান হাবীব মোহন, জাতীয়তাবাদী সাইবার দল সোনাতলা উপজেলা কমিটির সভাপতি ও বগুড়া জেলা কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক এ কে এম মফিজ-উর-

রহমান (ছোটন), উপজেলা বিএনপির সহসভাপতি মিজানুর রহমান মিজান, সাবেক সাধারণ সম্পাদক অধ্যক্ষ আহসান কবির, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম ও আহসান হাবিব রতন।

এ ছাড়া পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রুহুল আমিন রঞ্জু, বিএনপি নেতা আবু সুফিয়ান পলিন, মহিলা দলের নেত্রী রঞ্জনা খান, সাবেক পৌর কাউন্সিলর জহুরুল ইসলাম শেফা, জাসাসের সভাপতি উজ্জ্বল হোসেন খোকন এবং এম এ হান্নান বাটালুসহ উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

এ বিভাগের আরও খবর



কসবায় ভোক্তা অধিদপ্তরের অভিযান, চার প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা

ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার কুটি বাজারে গ্যাস সিলিন্ডার, বেকারি পণ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে অভিযান চালিয়ে চারটি প্রতিষ্ঠানকে মোট ৫০...



আখাউড়ায় জুলাই আন্দোলনের বিস্ফোরক মামলায় এনসিপি নেতা গ্রেপ্তার, থানার সামনে বিক্ষোভ

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় জুলাই আন্দোলন-সংশ্লিষ্ট বিস্ফোরক মামলায় সায়েব আলী নামের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলি...



সুনামগঞ্জে নারী শিক্ষা ও কর্মসংস্থান নিয়ে সামাজিক নিরীক্ষার প্রতিবেদন জেলা প্রশাসকের কাছে হস্তান্তর

সুনামগঞ্জের চার উপজেলায় নারী শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা নিয়ে পরিচালিত সামাজিক নিরীক্ষার প্র...



ব্রাহ্মণবাড়িয়ায় ফিজিশিয়ান স্যাম্পল বিক্রি, তিন ফার্মেসিকে জরিমানা

ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরে বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল অবৈধভাবে মজুত ও বিক্রির দায়ে তিনটি ফার্মেসিকে ১৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bgurar-sonatlay-jatiy-biplb-o-snghti-dibs-paln-bienpir-alochna-sbha-o-rjali